

সর্বজনীন পেনশন স্কিম

কর্মজীবন শেষে নিশ্চিত জীবন যাপনের জন্য প্রয়োজন সঞ্চয়। সুরক্ষিত সঞ্চয় পরিকল্পনার আরেক নাম সর্বজনীন পেনশন। কর্মজীবনের উপার্জিত টাকার কিছু অংশ পেনশন স্কিমে বিনিয়োগ করে একজন নাগরিক নিশ্চিত করতে পারেন বৃদ্ধ বয়সের আর্থিক নিরাপত্তা।

গড় আয় বৃদ্ধি এবং একক পরিবারের সংখ্যা বৃদ্ধি জনিত কারণে ভবিষ্যতে নির্ভরশীলতার হার বৃদ্ধি পাবে বিধায় একটি টেকসই সামাজিক নিরাপত্তা গড়ে তোলা এখন সময়ের দাবি। একটি কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য দেশের সর্বস্তরের জনগণকে টেকসই পেনশন কাঠামোয় অন্তর্ভুক্তি বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার কর্মসূচি।

২০১৫ সালে প্রণীত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে সামাজিক সুরক্ষার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয় এবং ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট বক্তৃতায় সর্বজনীন পেনশন ব্যবস্থা প্রবর্তনের সুস্পষ্ট অঙ্গীকার ব্যক্ত করা হয়।

এ প্রেক্ষাপটে মহান জাতীয় সংসদ কর্তৃক সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সালের ৪নং আইন) প্রণয়ন করা হয়েছে। এই আইনের অধীনে চাঁদাদাতাগণ অনলাইন প্ল্যাটফরমে রেজিস্ট্রেশন করে যে কোন একটি পেনশন স্কিমে যুক্ত হতে পারবেন।

১৮ বছরের অধিক বয়স্ক জনগোষ্ঠীকে “সর্বজনীন পেনশন স্কিম” এর আওতায় আনা সম্ভব হলে তারা একটি সুসংগঠিত সামাজিক নিরাপত্তা কাঠামোর আওতাভুক্ত হবেন। সর্বজনীন পেনশন ব্যবস্থা কার্যকর হলে ধীরে ধীরে বিদ্যমান সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সুবিধাভোগীর সংখ্যা কমিয়ে আনার সুযোগ সৃষ্টি হবে।

এক নজরে


- ১৮ বৎসর বা তদুর্ধ্ব হতে ৫০ বৎসর বয়সি সকল বাংলাদেশী নাগরিক জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে একটি নির্দিষ্ট মূল্যমানের চাঁদাদাতা হিসেবে সর্বজনীন পেনশন স্কিমে অংশ নিতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় ৫০ বৎসর উর্ধ্ব বয়সের নাগরিকগণ স্কিমে অংশগ্রহণের তারিখ হতে নিরবচ্ছিন্ন ১০ বছর চাঁদা প্রদান শেষে আজীবন পেনশন প্রাপ্য হবেন।
- প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ যাদের জাতীয় পরিচয় পত্র নেই তারা পাসপোর্টের ভিত্তিতে রেজিস্ট্রেশনের পর Debit/Credit কার্ড ব্যবহারের মাধ্যমে বৈধ ব্যাংকিং চ্যানেলে বৈদেশিক মুদ্রায় নির্ধারিত হারে চাঁদা প্রদান করে পেনশন স্কিমে যুক্ত হতে পারবেন।
- নিজের এবং পরিবারের সদস্যদের চিকিৎসা, গৃহ নির্মাণ, গৃহ মেরামত এবং সন্তানের বিবাহের ব্যয় নির্বাহের জন্য চাঁদাদাতা ইচ্ছা করলে পেনশন ফান্ডে শুধু তার জমাকৃত অর্থের ৫০% ঋণ হিসাবে উত্তোলন করতে পারবেন, যা কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ফি সহ সর্বোচ্চ ২৪ কিস্তিতে পরিশোধ করতে হবে এবং সমুদয় অর্থ চাঁদাদাতার হিসেবে জমা হবে।
- সকল স্কিমের জন্য চাঁদার কিস্তি চাঁদা প্রদানকারীর পছন্দমত মাসিক, ত্রৈমাসিক বা বার্ষিক ভিত্তিতে পরিশোধের সুযোগ থাকবে। চাঁদাদাতাগণ ইচ্ছা করলে অগ্রিম হিসেবে চাঁদার টাকা পেনশন ফান্ডে জমা করতে পারবেন।

চলমান

এক নজরে


- সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণকারী চাঁদাদাতাগণ নিরবচ্ছিন্নভাবে চাঁদা প্রদানের শর্তে ৬০ বছর পূর্তিতে আজীবন মাসিক নির্ধারিত হারে পেনশন প্রাপ্য হবেন।
- স্কিমের চাঁদাদাতা স্কিমে জমাকৃত বা জমার বিপরীতে প্রাপ্য পেনশন বাবদ অর্থ তার মৃত্যুর পর গ্রহণ বা উত্তোলনের নিমিত্ত এক বা একাধিক নমিনি মনোনয়ন করতে পারবেন। তবে চাঁদাদাতা কমপক্ষে ১০ বছর চাঁদা প্রদান করার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ নমিনিকে ফেরত দেয়া হবে।
- চাঁদাদাতা পেনশনে থাকাকালীন তাঁর বয়স ৭৫ বছর পূর্ণ হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে পেনশনারের নমিনি বা নমিনিগণ বা বৈধ উত্তরাধিকারীগণ অবশিষ্ট সময়ের জন্য (অর্থাৎ ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত) উক্ত পেনশন প্রাপ্য হবেন।
- দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী চাঁদাদাতার মাসিক চাঁদার ৫০% সরকার অনুদান হিসেবে প্রদান করবে।
- চাঁদাদাতাগণ চাঁদা প্রদানের ক্ষেত্রে বিনিয়োগ রেয়াত সুবিধা পাবেন এবং মাসিক পেনশন বাবদ প্রাপ্ত অর্থ আয়কর মুক্ত থাকবে।
- “সর্বজনীন পেনশন স্কিমে নিবন্ধিত হওয়ার পর যে কোন সময় চাঁদার হার ও স্কিম পরিবর্তনের সুযোগ রয়েছে।

রেজিস্ট্রেশন প্রক্রিয়া



চলমান

রেজিস্ট্রেশন প্রক্রিয়া



বাস্তবায়নে: জাতীয় পেনশন কর্তৃপক্ষ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।



হেল্প ডেস্ক:
+8802 55110546-55



প্রবাস

প্রবাস ক্ষিমে অংশগ্রহণ
দেশে ফিরে সুন্দর জীবন

বিদেশে কর্মরত বা অবস্থানকারী যে কোন বাংলাদেশী নাগরিক তার অভিপ্রায় অনুযায়ী বৈদেশিক মুদ্রায় পরিশোধের শর্তে নির্ধারিত হারে চাঁদা প্রদানপূর্বক এই ক্ষিমে অংশগ্রহণ করতে পারবেন। প্রবাস হতে দেশে প্রত্যাবর্তনের পর সমপরিমাণ অর্থ দেশীয় মুদ্রায় পরিশোধ করাসহ প্রয়োজনে ক্ষিম পরিবর্তন করতে পারবেন। পেনশন ক্ষিমের মেয়াদ পূর্তিতে পেনশনার দেশীয় মুদ্রায় পেনশন প্রাপ্য হবেন।

চলমান

প্রবাস

মাসিক চাঁদার হার	৫,০০০ টাকা	৭,৫০০ টাকা	১০,০০০ টাকা
চাঁদা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	১,৭২,৩২৭	২,৫৮,৪৯১	৩,৪৪,৬৫৫
৪০	১,৪৬,০০১	২,১৯,০০১	২,৯২,০০২
৩৫	৯৫,৯৩৫	১,৪৩,৯০২	১,৯১,৮৭০
৩০	৬২,৩৩০	৯৩,৪৯৫	১,২৪,৬৬০
২৫	৩৯,৭৭৪	৫৯,৬৬১	৭৯,৫৪৮
২০	২৪,৬৩৪	৩৬,৯৫১	৪৯,২৬৮
১৫	১৪,৪৭২	২১,৭০৮	২৮,৯৪৪
১০	৭,৬৫১	১১,৪৭৭	১৫,৩০২



প্রগতি

চাকরি করি বেসরকারি পেনশন স্কিমে আমিও আছি

বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কোনো কর্মচারী বা উক্ত প্রতিষ্ঠানের মালিক তফসিলে বর্ণিত হারে চাঁদা প্রদানপূর্বক এই স্কিমে অংশগ্রহণ করতে পারবেন এবং বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ হতে উহার কর্মচারীগণের জন্য এই স্কিমে অংশগ্রহণের ক্ষেত্রে স্কিমের চাঁদার ৫০% কর্মী এবং বাকী ৫০% প্রতিষ্ঠান প্রদান করবে। কোন বেসরকারি প্রতিষ্ঠান প্রাতিষ্ঠানিকভাবে সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণ না করলেও, উক্ত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কোন কর্মচারী নিজ উদ্যোগে এককভাবে এ স্কিমে অংশগ্রহণের সুযোগ পাবেন।

চলমান

প্রগতি

মাসিক চাঁদার হার	২,০০০ টাকা	৩,০০০ টাকা	৫,০০০ টাকা
চাঁদা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	৬৮,৯৩১	১,০৩,৩৯৬	১,৭২,৩২৭
৪০	৫৮,৪০০	৮৭,৬০১	১,৪৬,০০১
৩৫	৩৮,৩৭৪	৫৭,৫৬১	৯৫,৯৩৫
৩০	২৪,৯৩২	৩৭,৩৯৮	৬২,৩৩০
২৫	১৫,৯১০	২৩,৮৬৪	৩৯,৭৭৪
২০	৯,৮৫৪	১৪,৭৮০	২৪,৬৩৪
১৫	৫,৭৮৯	৮,৬৮৩	১৪,৪৭২
১০	৩,০৬০	৪,৫৯১	৭,৬৫১



সুরক্ষা

কৃষক শ্রমিক জেলে তাঁতী
পেনশন কিমে সবাই মাতি

অনানুষ্ঠানিক খাতে কর্মরত বা স্বকর্মে নিয়োজিত ব্যক্তি যেমন: কৃষক, রিক্সাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতিসহ সকল অনানুষ্ঠানিক কর্মে নিয়োজিত ব্যক্তি-বর্গ নির্ধারিত হারে চাঁদা প্রদানপূর্বক এই কিমে অংশগ্রহণ করতে পারবেন।

চলমান

সুরক্ষা

মাসিক চাঁদার হার	১,০০০ টাকা	২,০০০ টাকা	৩,০০০ টাকা	৫,০০০ টাকা
চাঁদা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	৩৪,৪৬৫	৬৮,৯৩১	১,০৩,৩৯৬	১,৭২,৩২৭
৪০	২৯,২০০	৫৮,৪০০	৮৭,৬০১	১,৪৬,০০১
৩৫	১৯,১৮৭	৩৮,৩৭৪	৫৭,৫৬১	৯৫,৯৩৫
৩০	১২,৪৬৬	২৪,৯৩২	৩৭,৩৯৮	৬২,৩৩০
২৫	৭,৯৫৫	১৫,৯১০	২৩,৮৬৪	৩৯,৭৭৪
২০	৪,৯২৭	৯,৮৫৪	১৪,৭৮০	২৪,৬৩৪
১৫	২,৮৯৪	৫,৭৮৯	৮,৬৮৩	১৪,৪৭২
১০	১,৫৩০	৩,০৬০	৪,৫৯১	৭,৬৫১



সমতা

সমতা ক্রিমের নিশ্চয়তা সরকার দেবে সহায়তা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সময়ে সময়ে প্রকাশিত আয় সীমার ভিত্তিতে দারিদ্র্য সীমার নিম্নে বসবাসকারী স্বল্প আয়ের ব্যক্তিগণ (যাহাদের বর্তমান আয় সীমা বাৎসরিক অনূর্ধ্ব ৬০(ষাট) হাজার টাকা) তফসিলে বর্ণিত হারে চাঁদা প্রদানপূর্বক এই ক্রিমে অংশগ্রহণ করিতে পারিবেন এবং সমতা ক্রিমে কর্তৃপক্ষ বিধি অনুসারে সমপরিমাণ অর্থ জমা করিবে।

চলমান

সমতা

মাসিক চাঁদার হার	১,০০০ টাকা (চাঁদাদাতা ৫০০ টাকা + সরকারি অংশ ৫০০ টাকা)
চাঁদা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	৩৪,৪৬৫
৪০	২৯,২০০
৩৫	১৯,১৮৭
৩০	১২,৪৬৬
২৫	৭,৯৫৫
২০	৪,৯২৭
১৫	২,৮৯৪
১০	১,৫৩০

পেনশন স্কিমে অংশগ্রহণ
অবসরে সুন্দর জীবন



অর্থ মন্ত্রণালয়